

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

সিলেট

বিষয়ঃ সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)-কমিটির সংশ্লিষ্ট কর্মকর্তাদের
সাথে সিটিজেন চার্টার হালনাগাদকরণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি প্রকৌঃ মোঃ ফারুক হোসেন
কোম্পানি সচিব ও আহ্বায়ক (সিটিজেন চার্টার)।
সভার তারিখ: ০১-০৮-২০২১
সভার সময়: বেলা ১১.০০ ঘটিকায়
স্থান: অনলাইন
উপস্থিতি: রেকর্ডেড

১। ভূমিকাঃ


সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্তে দপ্তরদেশ নং ২৮.২০.৯১৫৩.০৫৬.৯৯.০০৭.২০.২১/২৫৩, তারিখঃ ১৬-০২-২০২১ দ্বারা কোম্পানির সিটিজেন চার্টার কমিটি পুনর্গঠন করা হয়। পুনর্গঠিত কমিটির একটি সভা গত ০১-০৮-২০২১ তারিখে অনলাইনে Zoom Apps দ্বারা ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্যগণ উপস্থিত ছিলেন (উপস্থিতি সংযুক্ত)। সভাপতি শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। আলোচনাঃ

সভাপতির অনুমতিক্রমে সিটিজেন চার্টার কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা উল্লেখ করেন যে, সর্বশেষ কর্ম বটন অনুযায়ী এবং কয়েকজন কর্মকর্তার বদলীজনিত কারণে এসজিএফএল এর সিটিজেন চার্টারে কর্মকর্তাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করা প্রয়োজন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০১৭ নির্দেশিকা অনুসারে এবং পেট্রোবাংলার নির্দেশনা মোতাবেক প্রতিশ্রুত সেবা সমূহ ৩টি ভাগে চিহ্নিত করা হয় (নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা, অভ্যন্তরীণ সেবা) এবং সেই মোতাবেক এসজিএফএল সিটিজেন চার্টার হালনাগাদের লক্ষ্যে খসড়া প্রস্তুত করা হয়। সভাপতি মহোদয় প্রস্তুতকৃত খসড়া সিটিজেন চার্টার এর উপস্থিত সদস্যদের মতামত কামনা করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ক) কমিটির সদস্যদের মতামতের আলোকে প্রস্তুতকৃত খসড়া সংশোধন, সংযোজন, বিয়োজন করে মতামতের জন্য সকল বিভাগীয় প্রধানদের কাছে প্রেরণ;
- খ) বিভাগীয় প্রধানদের কাছ থেকে মতামত প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রস্তুতকৃত সিটিজেন চার্টার উপস্থাপন;
- গ) কমিটির নিকট প্রতীয়মান হয় যে, কমিটিতে অপারেশন বিভাগ থেকে কোন প্রতিনিধি নেই। এ প্রেক্ষিতে কমিটিতে অপারেশন বিভাগ থেকে একজন প্রতিনিধি অর্ন্তভূক্তির জন্য প্রশাসন বিভাগ বরাবর আন্তঃবিভাগীয় পত্র প্রেরণ;
- ঘ) সিটিজেন চার্টার সময়ে সময়ে update করা;
- ঙ) সেবা প্রদান বিষয়ে বাৎসরিক একটি কর্মপরিকল্পনা তৈরী করা;
- চ) সেবা প্রদান/অভিযোগ প্রতিকার বিষয়ে বাৎসরিক অন্ততঃ ৪টি সভা করা এবং
- ছ) সিটিজেন চার্টার অনুমোদনের পর ওয়েব সাইটে upload করা।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।।


০২/৮/২০২১
প্রকৌঃ মোঃ ফারুক হোসেন

অনুলিপিঃ

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (প্রশাসন) // (এলপিএম) // (হিসাব ও অর্থ) // (টিএস) // (অপারেশন), এসজিএফএল
- আহ্বায়ক (এপিএ) কমিটি, এসজিএফএল।
- আহ্বায়ক (নৈতিকতা কমিটি), এসজিএফএল।
- নথি।
- ১৮৮